

💵 মুখতাসার যাদুল মা'আদ

বিভাগ/অধ্যায়ঃ অনুচ্ছেদ সমুহের সূচী ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনুল কাইয়িয়ম (রহঃ)

বৃষ্টি বন্ধ হওয়ার দু'আ করা

নাবী (ﷺ) এর যামানায় যখন অবিরাম বৃষ্টিপাত হত তখন সাহাবীগণ তাঁর কাছে এসে বৃষ্টি বন্ধ হওয়ার জন্য দু'আ করার আবেদন করতেন। তিনি বৃষ্টি বন্ধ হওয়ার দু'আ করতেন। তিনি দু'আয় বলতেন-

اللَّهُمَّ حَوَالَيْنَا وَلا عَلَيْنَا، اللَّهُمَّ عَلَى الآكَامِ وَالظِّرَابِ وَبُطُونِ الأَوْدِيَةِ وَمَنَابِتِ الشَّجَرِ

'হে আল্লাহ! আমাদের পার্শ্ববর্তী এলাকায় বৃষ্টি বর্ষণ করুন, আমাদের উপর নয়। হে আল্লাহ! টিলা পাহাড়, ময়দান, উপত্যকা এবং গাছপালা উৎপন্ন হওয়ার স্থানে বর্ষণ করুন'।[1] তিনি যখন আকাশে বৃষ্টির লক্ষণ দেখতেন তখন বলতেন-

''হে আল্লাহ্! উপকারী বৃষ্টি বর্ষণ করুন'' [2] اللَّهُمَّ صَيِّبًا نَافِعًا

বৃষ্টির সময় তিনি শরীরে পরিহিত জামা-কাপড় খুলতেন। যাতে খালী শরীরে বৃষ্টির পানি লাগে। তাঁকে এর কারণ জিজ্ঞেস করা হলে তিনি বলতেন- কেননা এই রহমতটি আল্লাহর পক্ষ হতে এই মাত্র এসেছে।

ইমাম শাফেঈ (রহঃ) বলেন- আমাকে একজন বিশ্বস্ত লোক ইয়াজিদ ইবনুল হাদের বরাত দিয়ে সংবাদ দিয়েছে যে, যখন বৃষ্টির পানি প্রবাহিত হত তখন নাবী (ﷺ) বলতেন- আমাদের সাথে এই পানির দিকে চল, যাকে আল্লাহ্ তা'আলা পবিত্রতা অর্জনের মাধ্যম বানিয়েছেন। আমরা উহা দ্বারা পবিত্রতা অর্জন করব। এরপর আল্লাহর প্রশংসা করব। ইমাম শাফেঈ আরও বলেন- আমাকে ইসহাক বিন আন্দুল্লাহ্-এর বরাত দিয়ে একজন বিশ্বস্ত লোক সংবাদ দিয়েছেন যে, বৃষ্টির পানি প্রবাহিত হলে উমার (রাঃ) তাঁর সাথীদেরকে নিয়ে পানির কাছে যেতেন এবং বলতেন- আমাদের প্রত্যেকেই যেন এ দিয়ে পবিত্রতা হাসিল করে।

ফুটনোট

- [1]. মুসলিম, নাসায়ী, মাপ্র. হা/১৫১৮, মিশকাত, হাএ. হা/৫৯০২
- [2]. মিশকাত, হাএ. হা/১৫০০, মুসনাদে আহমাদ, মাশা. হা. ৬/৪৬২৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=3774

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন